



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
জেলা পরিষদ শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
[www.lgd.gov.bd](http://www.lgd.gov.bd)



শেখ হাসিনার মূলনীতি  
গ্রাম শহরের উন্নতি

নম্বর : ৪৬.০০.৮৭০০.০৪২.১৪.০৫১.১৭(অংশ-১).০৮

তারিখ: ১৮ পৌষ ১৪২৮  
০২ জানুয়ারি ২০২১

**বিষয় : ২০২১-২২ অর্থবছরে সাতক্ষীরা জেলা পরিষদের এডিপি সাধারণ বরাদ্দের আওতায় স্কিম অনুমোদন।**

সূত্র: জেলা পরিষদ, সাতক্ষীরা এর স্মারক - তিন-০৩/জেপসা/কারিঃ/২০২০-২০২১/১৭৯, তারিখ: ২২ নভেম্বর ২০২১।


উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকে ২০২১-২২ অর্থবছরে সাতক্ষীরা জেলা পরিষদের অনুকূলে এডিপি সাধারণ বরাদ্দের আওতায় বরাদ্দকৃত ৫০০.০০ লক্ষ (পাঁচ কোটি) টাকা প্রাক্কলিত ব্যয়ে প্রস্তাবিত ৩৯৪টি স্কিম অনুমোদনের অনুরোধ জানানো হয়েছে। উল্লেখ্য, ক্রমিক- ৬৩, ১৯২, ১৯৩ ও ৩০৫ এ বর্ণিত ৪.৫০ লক্ষ (চার লক্ষ পঞ্চাশ হাজার) টাকার স্কিম ০৪টি ক্লাব/ শ্রমিক ইউনিয়ন/ সমিতির যথাযথ রেজিস্ট্রেশনের স্বপক্ষে দালিলিক তথ্য প্রদান করা হয়নি। ২.৫০ লক্ষ (দুই লক্ষ পঞ্চাশ হাজার) টাকা প্রাক্কলিত ব্যয়ে ক্রমিক-৮১ ও ১৫২ এ বর্ণিত দু'টি স্কিম ত্রুটিপূর্ণ। এছাড়া, ক্রমিক ১৬৩ ও ১৭৩ এ বর্ণিত ৬.৫০ লক্ষ (ছয় লক্ষ পঞ্চাশ হাজার) টাকার স্কিম দু'টির নাম একই হওয়ায় বিষয়টি স্পষ্টীকরণ করা প্রয়োজন।

২। ক্রমিক- ৬৩, ১৯২, ১৯৩ ও ৩০৫ এ বর্ণিত স্কিমের ০৪টি ক্লাব/ শ্রমিক ইউনিয়ন/ সমিতির যথাযথ রেজিস্ট্রেশনের স্বপক্ষে দালিলিক তথ্য প্রেরণ, ক্রমিক-৮১ ও ১৫২ এ বর্ণিত স্কিমসমূহ পরিবর্তন করা ও ক্রমিক ১৬৩ ও ১৭৩ এ বর্ণিত স্কিমসমূহের নাম একই হওয়ার বিষয়টি স্পষ্টীকরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৩। এমতাবস্থায়, উল্লিখিত উক্ত ৮টি স্কিম ব্যতীত অবশিষ্ট ৩৮৬টি স্কিম [৪৮৬.৫০ লক্ষ (চার কোটি ছিয়াশি লক্ষ পঞ্চাশ হাজার) টাকা প্রাক্কলিত ব্যয়ে] নিম্নোক্ত শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে বাস্তবায়নের প্রশাসনিক অনুমোদন নির্দেশক্রমে জ্ঞাপন করা হলো।

**শর্তাবলী:**

পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬, পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এবং স্থানীয় সরকার বিভাগের ০৭ জানুয়ারি ২০২০ তারিখের ৪৬.০০.০০০০.০৪২.২০.০০৫.১৯-২০নং পরিপত্রের নির্দেশনাসমূহ যথাযথ প্রতিপালন করতে হবে।

  
মোহাম্মদ তানভীর আজম ছিদ্দিকী  
উপসচিব  
ফোন: ৯৫৭৫৫৬৮  
ই-মেইল:lgzpz@lgd.gov.bd

প্রধান নির্বাহী কর্মকর্তা  
জেলা পরিষদ, সাতক্ষীরা।

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। অতিরিক্ত সচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মহাপরিচালক (মইই উইং), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। মাননীয় মন্ত্রী একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। সিনিয়র সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৭। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশ করার জন্য)।